সংবাদ

20 APR 2017



গাজীপুরের কালিয়াকৈর জালুয়াভিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন কালবৈশাখী ঝড়ে বিধ্বস্ত -সংবাদ

### জালুয়াভিটি সর. প্রাথ. বিদ্যালয়

# ঝড়ে ভবন বিধ্বস্ত : খোলা আকাশের নিচে পরীক্ষা

সংবাদ জাতীয় বিভাগ

গত মঙ্গলবার গাজীপুরের কালিয়াকৈর উপজেলার জালুয়াভিটি এলাকার জালুয়াভিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন কালবৈশাখী ঝড়ে বিধ্বস্ত হয়ে গেছে। এতে করে খোলা আকাশের নিচে পরীক্ষা দিচ্ছে ওই বিদ্যালয়ের কোমলমতি ছাত্র-ছাত্রীরা।

কালিয়াকৈর উপজেলাল মধ্যপাড়া ইউনিয়নের ৭নং ওয়ার্ডের জালুয়াভিটি এলাকায় অবস্থিত ওই বিদ্যালয়টিতে সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয়টির টিনের চালা কালবৈশাখী ঝড়ে সম্পূর্ণ উড়ে গেছে। বিদ্যালয়ের অফিস কক্ষে গাছের গুড়ি পড়ে আছে। মেঝেতে পানি জমে আছে।

এলোমেলো ভাবে ছড়িয়ে রয়েছে বিদ্যালয়ের মূল্যবান কাগজপত্রাদি। ফলে এক প্রকার নিরুপায় হয়েই খোলা আকাশের নিচে পরীক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে স্কুল কর্তৃপক্ষ।

জালুয়াভিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনোয়ার জাহিদ বলেন, কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়টির টিনের চালা সম্পূর্ণ উড়ে যায়। অফিস কক্ষের প্রয়োজনীয় কাগজপত্রাদি নষ্ট হয়ে গেছে। অফিস কক্ষে বৃষ্টির পানি জমে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে আছে। কক্ষে গাছের গুড়ি ঢুকে পড়েছে।

তিনি আরো বলেন, বিদ্যালটিতে এখন ছাত্র-ছাত্রীদের ১ম সাময়িক পরীক্ষা চলছে। এদিকে ওই রাতের ঝড়ের কারণে বিদ্যালয়ের কক্ষে বসার কোন উপায় নেই। এছাড়া বিদ্যালয়ের বিদ্যুৎ সংযোগও বিচ্ছিন্ন হয়ে আছে। তাই এক প্রকার নিরুপায় হয়েই খোলা আকাশের নিচে ছাত্র-ছাত্রীদের পরীক্ষা কার্যক্রম চালিয়ে যেতে হচ্ছে। খুব দ্রুত সময়ের মধ্যে ভবনটি মেরামত করে যাতে ছাত্র-ছাত্রীদের পাঠদান চালিয়ে যেতে পারে সে জন্য প্রশাসনের নিকট আকুল আবেদন জানান তিনি।

কালিয়াকৈর উপজেলা সহকারী শিক্ষা অফিসার মো. আলমগীর হোসেন বলেন, খবর পেয়ে আমি সরেজমিনে বিদ্যালয়টি পরিদর্শন করেছি। বিদ্যালয়টি কালবৈশাখী ঝড়ে লণ্ড ভণ্ড হয়ে গেছে। ভবনের ভিতরে বসার কোন ব্যবস্থা নেই।

ছাত্রছাত্রীদের পরীক্ষা নেয়া হচ্ছে খোলা আকাশের নিচে। যা অনেক কষ্টের ব্যাপার কোমলমতি ছাত্র-ছাত্রীদের জন্য। তিনি আরও বলেন, বিদ্যালয়টির ভবন যাতে অতি দ্রুত সময়ের মধ্যে মেরামত করা হয় সেজন্য প্রশাসনের নিকট সুপারিশ করা হবে। যাতে করে ছাত্র-ছাত্রীদের আর খোলা আকাশের নিচে পরীক্ষা দিতে না হয়।